"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭ - ১৭৫ তারিখঃ ১৭ জুলাই , ২০১৮খ্রিঃ।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-৫৯২, তারিখ : ১৫জুলাই ২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩ তম শাহাদত বার্ষিকীতে (১৫ আগস্ট ২০১৮) জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রেরিত কার্যবিবরণীর মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

(স্বাক্ষর) ১৭/৭/১৮

(মনজুরুল কাদের)
যুগ্ম সচিব
ও
পরিচালক (প্রশাসন)

বিতরণ :

| | |
|---|---|
| ১-৫ | । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ । |
| ৬-৫৫ | । অধ্যক্ষ, ....সকল.... পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া। |
| ৫৬-১১৯ | । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ....(সকল).... |
| ১২০-১২৩ | । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা। |

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

| | |
|---|---|
| ১-৫ | । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৬ | । সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়),কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ৭ | । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)। |
| ৮ | । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা। |
| ০৯ | । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)। |
| ১০ | । নথি। |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
শিক্ষা মন্ত্রণালয়।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

**সভাপতি** : জনাব মোঃ আলমগীর
সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

তারিখ : ১২ জুলাই, ২০১৮খ্রিঃ।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

সভার স্থান : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সভা কক্ষ, ১০তলা, পরিবহন পুল ভবন।

উপস্থিতির তালিকাঃ **পরিশিষ্ট "ক"**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) অদ্যকার সভার প্রেক্ষাপট তুলে ধরে বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৩তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত এক আন্ত:মন্ত্রণালয় সভা গত ০৫ জুলাই ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চূড়ান্তকৃত কর্মসূচি এবং নির্দেশনা অনুসরণে এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে আজকের এ প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) মন্ত্রিপরিষদ বিভাগের আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত এ বিভাগ সংশ্লিষ্ট কর্মসূচিসমূহ সভায় উপস্থাপন করেন। ধারাবাহিকভাবে আলোচনা অনুষ্ঠিত হয় এবং পর্যায়ক্রমে উপস্থাপিত বিভিন্ন বিষয়ের উপর আলোচনা-পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | ০৫.০৭.২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভায় গৃহীত কর্মসূচি | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০১৮ তারিখ মঙ্গলবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | মন্ত্রিপরিষদ বিভাগের উল্লিখিত কর্মসূচির আলোকে ১৫ আগস্ট ২০১৮ তারিখ এ বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড/ শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর এবং শিক্ষাবোর্ডসমূহ তাদের অধিক্ষেত্রাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে যথাযথ নির্দেশ দিবেন। | সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহ। |
| ২ | ১৫ আগষ্ট ২০১৮ তারিখ সকালে ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | ক) ১৫ আগষ্ট ২০১৮ তারিখ সকালে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা ও কর্মচারী ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে দপ্তর/সংস্থা স্ব স্ব ব্যানার, ফুলের তোড়া, কালোব্যাজসহ কলাবাগান খেলার মাঠের সামনে সকাল ০৯.০০ টার মধ্যে আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।<br>(খ) স্ব-স্ব দপ্তর/সংস্থা তাদের আগত কর্মকর্তা/কর্মচারীদের জন্য নাস্তার ব্যবস্থা করবেন। | ক) সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড।<br>(খ)এ বিভাগ ও আওতাধীন সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড। |
| ৩ | জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ, চাহিদার আলোকে পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামান্য চলচ্চিত্র প্রদর্শন। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথসেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। | উক্ত নির্দেশনা/কর্মসূচির সংশ্লিষ্ট অংশের আলোকে ব্যবস্থা নিতে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড |
| ৪ | সারাদেশের মসজিদসমূহে বাদ জোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা এবং শিক্ষা প্রতিষ্ঠানসমূহ মসজিদসহ অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে দোয়া/মিলাদ মাহফিল/প্রার্থনার আয়োজন করবে। | সকল অধিদপ্তর/ দপ্তর/ শিক্ষা বোর্ড |

| | | | |
|---|---|---|---|
| ৫ | শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। | উক্ত নির্দেশনা অনুসরণে এ বিভাগ সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থা স্ব স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক সে অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং এ বিভাগকে অবহিত করবে। জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার গাজীপুর নিজস্ব ক্যাম্পাসে এতদ্‌বিষয়ক কর্মসূচির আয়োজন করবে। | সকল দপ্তর/সংস্থা। |
| ৬ | সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, হাইস্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | (ক) কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত্ প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br><br>খ) কারিগরি শিক্ষা অধিদপ্তর আগামী ১৫ আগষ্ট ২০১৮তারিখ বেলা ৩:০০ ঘটিকায় এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে কারিগরি শিক্ষা অধিদপ্তরে জাতীয় শোক দিবসের তাৎপর্য বিষয়ে আলোচনা সভার আয়োজন করবে। | ক) সকল দপ্তর/সংস্থা।<br><br>খ) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। |
| ৭ | জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিতকরণের বিষয়ে সকল মন্ত্রণালয়/বিভাগ তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে এবং মনিটরিং করতে হবে। | কর্মসূচির আলোকে কার্যক্রম গ্রহণে মাঠ পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণসহ সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ড। |
| ৮ | জাতীয় কর্মসূচির আলোকে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করবে। সকল মন্ত্রণালয়/বিভাগ আগষ্ট ২০১৮ মাসের প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | অদ্য ১২.০৭.১৮ তারিখে প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়েছে। অদ্যকার সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আগামী আগস্ট ২০১৮ মাসের প্রথম সপ্তাহে সংশ্লিষ্টদের নিয়ে একটি ফলো-আপ সভার আয়োজন করতে হবে। | প্রশাসন অনুবিভাগ। |
| ৯ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা গ্রন্থ দু'টি ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, কৃতী শিক্ষার্থীদের উপহার হিসেবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | (ক) বর্ণিত গ্রন্থসমূহ ক্রয়, পাঠের ব্যবস্থা এবং বিতরণ কার্যক্রমের বিষয়ে এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ/নির্দেশনা দিতে হবে।<br>(খ) উল্লিখিত বইসমূহ সংগ্রহ করে বিতরণের ব্যবস্থা নিতে হবে এবং এ বিভাগকে গৃহীত কার্যক্রম জানাতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড, নেকটার ও বিএমটিটিআই। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.৭.২০১৮

(মো: আলমগীর)
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়।

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭. ৫৯২

তারিখ ঃ ৩১ আষাড় ১৪২৫ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/কারিগরি/মাদ্রাসা/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা ।
৪। যুগ্ম-সচিব (প্রশাসন-১ ও ২/কারিগরি/ উন্নয়ন/মাদ্রাসা/), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৭। পরিচালক(যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৮। উপ-সচিব (কারিগরি-১,২ ও ৩/মাদ্রাসা/অডিট ও আইন/ উন্নয়ন-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপ-প্রধান, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর
১১। সিনিয়র সহকারী সচিব(বাজেট/প্রশাসন ও অর্থ/সেবা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২। সিনিয়র সহকারী প্রধান(পরিকল্পনা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৩। সহকারী সচিব(সকল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
১৪। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।

১৫/৭/২০১৮

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব(সমন্বয়)
ফোন:-৪১০৫০১২৪।